ইরানে হামলার প্রয়োজন নেই, অর্থনৈতিক চাপই যথেষ্ট: রুবিও



যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে নতুন করে সামরিক হামলা চালানোর প্রয়োজন নেই বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। তাঁর মতে, অর্থনৈতিক চাপের মাধ্যমেই ইরানকে দুর্বল করা সম্ভব হচ্ছে।

বুধবার (১১ নভেম্বর) প্যারিসে জি-৭ পররাষ্ট্রমন্ত্রীদের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে কথা বলেন রুবিও। তিনি বলেন, ইরানের অর্থনীতির ওপর যুক্তরাষ্ট্রের চাপ এতটাই কার্যকর হয়েছে যে এখন বড় ধরনের সামরিক অভিযানের প্রয়োজন নেই। বৈঠকে মিত্র দেশগুলোকেও যুক্তরাষ্ট্রের এই অবস্থানের কথা জানিয়েছেন তিনি।

এর আগে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যুদ্ধ বন্ধের আলোচনায় অগ্রগতির কথা জানান। অন্যদিকে, হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়ে ওয়াশিংটনকে নিজেদের শর্ত মেনে নেওয়ার আহ্বান জানিয়েছে তেহরান।

এদিকে যুক্তরাষ্ট্রের অবস্থান পরিবর্তনের ইঙ্গিতের মধ্যে আন্তর্জাতিক চাপ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। তিনি বলেন, খুব শিগগিরই ইসরায়েলকে আন্তর্জাতিক চাপের মুখে পড়তে হতে পারে। তখন পারমাণবিক অস্ত্রধারী ইরানকে মেনে নেওয়ার জন্যও চাপ দেওয়া হতে পারে।

নেতানিয়াহুর অভিযোগ, ইরানের শাসনব্যবস্থা ইসরায়েলকে ধ্বংস করতে চায়।